

# যুগান্তর

## আগামীকাল থেকে শুরু হচ্ছে জেএসসি-জেডিসি পরীক্ষা

প্রকাশ : ০১ নভেম্বর ২০১৯, ২০:৫৮ | অনলাইন সংস্করণ

 যুগান্তর রিপোর্ট



আগামীকাল থেকে শুরু হচ্ছে জেএসসি-জেডিসি পরীক্ষা। ফাইল ছবি

আগামীকাল শনিবার থেকে জেএসসি ও জেডিসি পরীক্ষা শুরু হচ্ছে। সকাল ১০টায় বিদেশের ৯টিসহ সারাদেশের ২হাজার ৯০৩টি কেন্দ্রে একযোগে এই পরীক্ষা শুরু হবে। এবার সর্বমোট ২৬ লাখ ৬১ হাজার ৬৮২ শিক্ষার্থী পরীক্ষা দিচ্ছে। এরমধ্যে ১২ লাখ ২১ হাজার ৬৯৫ জন ছাত্র ও ১৪ লাখ ৩৯ হাজার ৯৮৭ জন ছাত্রী।

প্রথমদিন জেএসসিতে বাংলা এবং জেডিসিতে কুরআন মাজীদ ও তাজবীদ বিষয়ের পরীক্ষা নেয়া হবে। গত দশবছরের মধ্যে প্রথমবারের মতো ঢাকা

মহানগরের বাইরের পরীক্ষা কেন্দ্র কেরানীগঞ্জের জিঞ্জিরা পিএম পাইলট উচ্চ মাধ্যমিক বিদ্যালয় পরিদর্শনে যাচ্ছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি।

তিনি জানিয়েছেন, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও ইতিবাচক পরিবেশে পরীক্ষা অনুষ্ঠানে সার্বিক প্রস্তুতি সম্পন্ন হয়েছে। নকল ও প্রশ্নফাঁসমুক্ত হবে এ পরীক্ষা। এ কারণে কথিত প্রশ্নের পেছনে না ছুটে সন্তানকে লেখাপড়ায় নিবিষ্ট রাখার আহ্বান জানিয়ে শিক্ষামন্ত্রী গত মঙ্গলবার অভিভাবকদের উদ্দেশ্যে বলেছেন, প্রশ্নফাঁস হয় না। গুজব ছড়িয়ে প্রতারণার মাধ্যমে অসাধুরা বাবা-মা ও পরীক্ষার্থীর কাছ থেকে টাকা নেয়ার পরিস্থিতি তৈরি করে। তাই অভিভাবকদের বলব সন্তানকে অনৈতিকতার পথে নেবেন না। তাদেরকে সুসন্তান হিসেবে গড়ে তুলুন। সুসন্তান দেশ ও আপনার ভবিষ্যত।

৯টি সাধারণ শিক্ষা বোর্ড এবং মাদ্রাসা শিক্ষা বোর্ডের অধীনে নেয়া হচ্ছে এই পরীক্ষা। এরমধ্যে প্রথমবারের মতো ময়মনসিংহ শিক্ষা বোর্ড পরীক্ষা নিচ্ছে। এ বছর মোট পরীক্ষার্থীর মধ্যে জেএসসিতে ২২ লাখ ৬০ হাজার ৭১৬ জন ও জেডিসিতে ৪ লাখ ৯৬৬ জন শিক্ষার্থী রয়েছে। মোট পরীক্ষার্থীর মধ্যে নিয়মিত ২৩ লাখ ৯৭ হাজার ৫৬০ জন। অবশিষ্টরা অনিয়মিত।

এরমধ্যে ২ লাখ ৩৩ হাজার ৩১০ জন জেএসসিতে এবং ৩০ হাজার ২৯১ জন পরীক্ষার্থী রয়েছে জেডিসিতে। অনিয়মিত পরীক্ষার্থীরা কেউ এক, দুই ও তিন বিষয়ে অকৃতকার্য। ফেল করা প্রার্থীরাও আছে। আছে মানউন্নয়ন পরীক্ষার্থী। এছাড়া বিদেশি মোট ৯টি কেন্দ্রে ৪৫৪ জন শিক্ষার্থী পরীক্ষায় অংশ নেবে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।